

Telephone conversation between President of India and President of Turkmenistan

October 15, 2020

ভারতের রাষ্ট্রপতি এবং তুর্কমেনিস্তানের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

অক্টোবর 15, 2020

আজ (অক্টোবর 15, 2020), তুর্কমেনিস্তানের রাষ্ট্রপতি মহামান্য শ্রী গুরবঙ্গুলী বেরডিমুহামেদয় ভারতের রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দদের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা দুই দেশের মধ্যে ঐতিহাসিক এবং সভ্যতাগতভাবে বিজড়িত উষ্ণ এবং আন্তরিক সম্পর্ককে স্বীকৃতি প্রদান করেছেন। তারা বিবিধ ক্ষেত্রে সহযোগিতার স্থিতিশীল গতিবেগকে সন্তুষ্টির সাথে উল্লেখ করেছেন।

নেতারা বাণিজ্যিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে বর্তমান প্রচুর সম্ভাবনার উপরে সহমত প্রকাশ করেছেন এবং ভারত ও তুর্কমেনিস্তানের কোম্পানিগুলির মধ্যে যৌথ সহযোগিতা, বিশেষত ওষুধ প্রস্তুত ক্ষেত্রে সাফল্যের উল্লেখ করেছেন।

ভারতের রাষ্ট্রপতি তুর্কমেনিস্তানের রাষ্ট্রপতিকে তার ফোনের জন্য এবং ভারতের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ককে জোরদার করার প্রতি তার ব্যক্তিগত অঙ্গীকারের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

নিউ দিল্লি

অক্টোবর 15, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.